নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University: NSTU
নোয়াখালী
ফ্যাক্স: ০৩২১-৬২৭৮৮, সেল: ০১৭২৯৯০৬২১৫
Website: www.nstu.edu.bd

আইন বিভাগ
*Dept. of Law*

## এলএলএম ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আইন অনুষদের আওতাধীন আইন বিভাগে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতকোত্তর পর্যায়ে এলএলএম প্রোগ্রামে ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

১। **আবেদনের সময় সীমা:** ০১ সেপ্টেম্বর **২০২৬ তারিখ হতে** ৩০ সেপ্টেম্বর **২০২৬** তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদন ফরম বিভাগীয় অফিস থেকে সংগ্রহ ও জমা প্রদান করতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে আবেদন ফরম এর মূল্য ১৫০০/- এক হাজার পাঁচশত টাকা (অফেরতযোগ্য)।

২। বহিঃস্থ প্রার্থীদের ক্ষেত্রে প্রার্থী অনলাইন (www.nstu.edu.bd) থেকে ভর্তি ফরম পূরণ পূর্বক নোবিপ্রবি আইন বিভাগ আয় হিসাব " **হিসাব নম্বর, ০২০০০২৫৩৫০৩৪৬**, অগ্রণী ব্যাংক লিমিটেড, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা এর বিপরীতে (অফেরতযোগ্য) ২০০০/- (দুই হাজার) টাকা জমা প্রদান পূর্বক মূল রশিদ আবেদনের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে।

৩। **ডিগ্রী:** এলএলএম (Master of Laws)

৪। **ডিগ্রী সময়কাল:** ১ বছর।

৫। **ভর্তি প্রক্রিয়া:** বহিঃস্থ প্রার্থীর ক্ষেত্রে বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক গৃহীত লিখিত এবং মৌখিক পরীক্ষা প্রদান পূর্বক ভর্তি কমিটির সুপারিশক্রমে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি প্রদানের মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

**ভর্তির যোগ্যতা:**

১। প্রার্থীকে আইন বিষয়ে যে কোনো স্বীকৃত পাবলিক অথবা প্রাইভেট বিশ্ববিদ্যালয় থেকে ০৪ বছর মেয়াদী এলএলবি (LL.B) ডিগ্রী ধারী হতে হবে এবং ১লা জানুয়ারি ২০২৩ এর পর এলএলবি ডিগ্রী প্রাপ্তরাই শুধুমাত্র আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।

২। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন সিজিপিএ ২.৫০ থাকতে হবে এবং বহিঃস্থ প্রার্থীদের ক্ষেত্রে সর্বনিম্ন সিজিপিএ ২.৭৫ থাকতে হবে।

৩। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্র প্রার্থী নিজে কিংবা প্রার্থীর মনোনীত প্রতিনিধি কর্তৃক স্বশরীরে বিভাগীয় অফিসে জমা দিতে হবে।

৪। বহিঃস্থ প্রার্থী নির্ধারিত তারিখে অনুষ্ঠিত লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে প্রার্থী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।

৫। যে সকল অভ্যন্তরীণ প্রার্থী স্পেশাল টার্ম পরীক্ষা রয়েছে তারাও আবেদন করতে পারবে। তবে শর্ত থাকে যে স্পেশাল টার্ম পরীক্ষা পাশ করলেই তারা ভর্তির যোগ্যতা অর্জন করবে।

৬। অসম্পূর্ণ/অসত্য আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:**

- শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র এবং সনদপত্রের সত্যায়িত কপি।
- ২ কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ভর্তি ফরম ক্রয়ের রশিদের ফটোকপি।
- সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র /প্রশাংসাপত্র।
- চাকুরীরত প্রার্থীকে অবশ্যই নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে শ্রেণীকার্যক্রমে অংশগ্রহণ ও শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য কমপক্ষে ০২ সেমিস্টারব্যাপী সময়কাল অর্থাৎ ১২ (বার) মাসের পূর্ণকালীন ছুটি প্রদান করা হবে এই মর্মে অনাপত্তিপত্র(NOC)/প্রত্যয়নপত্র/অফিস আদেশের মূলকপি।

**ভর্তি পরীক্ষার সময় সূচি (বহিঃস্থ প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য):**

১। ভর্তি পরীক্ষা (বহিঃস্থ প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য) তারিখ ও সময়- বেলা: ১০:০০ টা, ০৬ অক্টোবর ২০২৬
স্থান- একাডেমিক ভবন-৩, আইন বিভাগ।

২। সিলেবাস -বাংলাদেশ সংবিধান, ফৌজদারি কার্যবিধি (CrPC), দেওয়ানী কার্যবিধি (CPC), মুসলিম পারিবারিক আইন।

৩। ভর্তি পরীক্ষার (লিখিত-৬০, মৌখিক-৪০ নাম্বার)।

(ড. মো: ছফিউল্লাহ)
সভাপতি, ২০২৪-২৫ (এলএল.এম) শিক্ষাবর্ষের ভর্তি কমিটি
ও
চেয়ারম্যান
আইন বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪

অনুলিপি (প্রয়োজনীয় কার্যার্থে) :

১। ডিন, আইন অনুষদ, নোবিপ্রবি।
২। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।
৩। হিসাব পরিচালক, নোবিপ্রবি।
৪। উপচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
৫। জনসংযোগ কর্মকর্তা, নোবিপ্রবি।
৬। সাইবার সেন্টার (ওয়েভসাইটে ভর্তির বিজ্ঞপ্তি প্রদানের অনুরোধ সহ)।
৭। বিভাগীয় নোটিশ বোর্ড।